

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ১৪ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ / ২৮ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-২২৯-আইন/২০২২/২০১-মুসক।- সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, Customs Act, 1969 (Act No. IV of 1969) এর First Schedule এর কলাম (1) এর শিরোনাম সংখ্যা (Heading No.) 34.02 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) 3402.31.00 ও 3402.39.00 এর বিপরীতে কলাম (3) এ বর্ণিত Linear Alkyl Benzene Sulphonic Acid (LABSA) ও Sodium Lauryl Ether Sulphate (SLES)-কে স্থানীয় উৎপাদন পর্যায়ে ৫ (পাঁচ) শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

২। এই প্রজ্ঞাপন ২৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখ হইতে কার্যকর হইবে এবং ইহা ৩০ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(আবু হেনা মোঃ রহমাতুল মুনিম)
সিনিয়র সচিব